আন্তর্জাতিক গোয়েন্দা বাহিনীর প্রধান
কম্যান্ডার ষ্টীল
বাংলা ভাষায় প্রথমবার
আন্তর্জাতিক গোয়েন্দা বাহিনীর প্রধান কম্যান্ডার ষ্টীল- এর একটাই উদ্দেশ্য পৃথিবী থেকে সন্ত্রাসের সমূল উৎপাটন।আর তাই সে নেমেছে মরনপণ লড়াইতে।
বাংলা অনুবাদ- পার্থ অরণ্যদেব মুখার্জী
১
এই পর্বে থাকছে দুটি অ্যাকশন প্যাকড গল্প

আন্তর্জাতিক গোয়েন্দা বাহিনীর প্রধান

কম্যান্ডার ষ্টীল আর

তৈল খনির লুঠেরা

কুখ্যাত আন্তর্জাতিক অপরাধীরা নিজেদের লোলুপ দৃষ্টি রেখেছে সারা দুনিয়ায়।এবার তাদের নজর পড়েছে মধ্যপ্রাচ্যের তৈল খনির ওপরে।তারা এটাকে নিয়ে আন্তর্জাতিক অশান্তি কায়েমে তৎপর।কিন্তু কম্যান্ডার ষ্টীল থাকতে কী সেটা সম্ভব?আসুন দেখি।

কেন জানি না মনে হচ্ছে,কেউ আমাকে ফলো করছে।কিন্তু এই মরুভূমি অঞ্চলে আরব বেদুইনরা ছাড়া আর তো কেউ নেই!

কিন্তু বালিয়াড়ির পিছনে...
তৈরী ? ফায়ার!

আহহ... আঁক...!
BANG!

এক ঘন্টা পরে,জনৈক পুলিশ কর্মীর দেহ উদ্ধার হলে...
কী বিভৎস!কে আমাকেদের ইন্সপেক্টরকে গুলি করল !?
আমি জানি না স্যার!

কিন্তু আমরা মৃতদেহের পাশে এই ত্রিপলটা খুঁজে পেয়েছি!
হে ঈশ্বর !এই ত্রিপলে তো শেখ হারুন-এর ব্যাক্তিগত চিহ্ন লাগানো আছে!

আমি এই প্রমাণটা স্থানীয় নেটিভ পুলিশ বিভাগে নিয়ে যাব!
POLICE HEADQUART

আপনি বলতে চাইছেন যে, আপনার কর্মীকে শেখ হারুনের লোকেরা মেরেছে?
এ'ছাড়া আমি আর কী ভাবতে পারি , যখন এই প্রমাণটা আমাদের হাতে আছে ?

দেখুন! এটা খুবই স্পর্শকাতর ম্যাটার। শেখ হারুন এখানকার খুব প্রভাবশালী ব্যক্তি। যদি আন্তর্জাতিক অপরাধ দমন বিভাগের কেউ থাকতেন, তাহলে আমি তাকেই এই কেসটা হ্যান্ডওভার করে দিতাম!

ঠিক সেই মুহূর্তেই দেবদূতের মতো থানার বাইরে হাজির হ'ল জ্যাক ষ্টীল!
একটু আধটু কথা আমার মনে হচ্ছে, এই বিষয়টা আন্তর্জাতিক পুলিশেরই দেখা উচিৎ। যাই ভেতরে গিয়ে কথা বলি।
আপনাদের যদি কোনো আপত্তি না থাকে তাহলে কী আমি ভেতরে আসতে পারি ?
সাধারণ পোশাক খুলে জ্যাক নিজের আসল পোশাক পরে নিল...আত্মপ্রকাশ ঘটল...কম্যান্ডার ষ্টীল-এর।

কম্যান্ডার ষ্টীল!
পাইপলাইন তদারকির দায়িত্বে থাকা আমাদের এক পুলিশ কর্মী, আজ সকালে গুলিবিদ্ধ হয়ে মারা যান। আমারা আরব চীফ শেখ হারুনকে সন্দেহ করছি। গ্রেফতার করতে চাই
আমি এই কেসের দায়িত্ব নিচ্ছি। ডিটেইলসটা দিন!
প্রমাণ হিসেবে এই ত্রিপলটা আমাদের কাছে আছে। আপনি শেখকে এখন তার গ্রীষ্মাবাস "বাল্লাহ্ অরসিস"-এ পাবেন। আমার লোকেরা আপনাকে সাহায্য করবে।
না! আমি একাই এই ব্যাপারটা দেখব!

গন্তব্যে পৌঁছাতে হলে
উট প্রধান ভরসা।
গুড লাক।কম্যান্ডার ষ্টীল!

আমাকে
সোজা দক্ষীণের
বালিয়াডির দিকে
যেতে হবে।

এক ঘন্টা পরে...
ওই যে
মরুদ্যান!

একটু পরে..গন্তব্যের নিকটে
আমি আন্তর্জাতিক গোয়েন্দা
বাহিনীর প্রধান কম্যান্ডার
ষ্টীল!আমাকে শেখ হারুনের
কাছে নিয়ে চল!
আসুন,
এফেন্দি!

কী হয়েছে
বাবা?
ইনি কে?
আমি...
জানি না
নীলা!

স্যার! দেখুন তো, এটা কী আপনার সম্পত্তি ?
হ্যাঁ...! কিন্তু কী ব্যাপার ?

তৈলখনির পরিদর্শকের মৃত দেহের পাশে এই ত্রিপলটা পাওয়া গেছে। মাফ করবেন, কিন্তু আপনাকে হত্যার দায়ে আমি গ্রেফতার করছি!
দাঁড়ান! আমার বাবা নির্দোষ! আপনি এইভাবে ওঁনাকে গ্রেফতার করতে পারেন না!

এই খুনের ব্যাপারে বাবা কিছুই জানেন না। প্লীজ, বিলিভ মি!
সেটা আদালত করবে... আমি না। ওনাকে আমার সাথে আসতেই হবে!

আমি নির্দোষ! আপনাকে সাবধান করছি, কম্যান্ডার ষ্টীল... আমার লোকেরা কিন্তু আপনাকে ছাড়বে না!
আমিও বলে দিচ্ছি, আমার কেশাগ্র স্পর্শ করলেও কিন্তু আপনারা সমস্যায় পড়বেন!

আমি চাইনা রক্তপাত হোক। তাই আপনাদের ২৪ ঘন্টা সময় দিলাম... প্রমাণ করুন আপনার বাবা নির্দোষ! তারপরে আমার যা কর্তব্য আমি সেটা করব...
ধন্যবাদ! এই মরুদ্যান পেরিয়ে আপনি একটা খালি তাঁবু পাবেন। রাত্রিটুকু সেখানে বিশ্রাম করুন!

দেখা যাক কাল কী হয়!

কিন্তু মধ্যরাতে কিছু ছায়ামূর্তি জ্যাকের তাঁবুর দিকে এগোল!
শশশ!শব্দ কোরো না!

ঘুম আসছে না! কিছু একটা শব্দ হল যেন?

এ... একী?

দ্রুত সতর্ক হয়ে আমাদের হিরো তার শক্তিশালী বজ্রমুষ্ঠির আঘাত হানল আততায়ীর চোয়ালে!
আহ্হ! মরে গেলাম!

মরার দেরী আছে এখনও!
WHAM!

মাথার পেছনে আচমকা শক্তিশালী আঘাতে ষ্টীল মাটিতে পড়ে গেল।
খুব সেয়ানা ভাবিস নিজেকে ?
উক্ক!

এদিকে এস!
ষ্টীলের জ্ঞাণ ফিরলে...
আমাকে বেঁধে রাখাটা বোকামি!
চুপ!দুঁদে গোয়েন্দা!!এবার তুমি ফাঁপরে পড়েছ!জ্যান্ত মরবে এখানে!

HISSSSS!
SSSSSSS!
এই গুহা কোবরা সাপের ডেরা!হাহাহা! চললাম আমরা!
বন্দী,অসহায় ষ্টীল আগত মৃত্যুকে দেখতে লাগল...
হে ঈশ্বর!
HISSSSS!
SSSSSS!

শেখ হারুনকে বিশ্বাস করাটা আমার ভুল ছিল। ভুলে গেছিলাম দুর্জনের ছলের অভাব হয়না!বাঁচার আশা আর নেই...

আরে!একটা ছোরা!আমাকে কে বাঁচাল?

হারুনের মেয়ে নীলা!
আমি তোমার বাঁধন খুলে দিচ্ছি!

জলদি চল! গুহা থেকে পালাও!

হিউসস! ধণ্যবাদ! কিন্তু নীলা, তোমার বাবা আমাকে হত্যা করতে লোক পাঠালেন, আর তুমি আমাকে বাঁচালে... ব্যাপারটা ঠিক বুঝলাম না!
না! ওরা আমার বাবার লোকজন নয়!

না! ওরা আমার বাবার লোকজন নয়! আমি রাতে না ঘুমিয়ে তাঁবুর বাইরে পায়চারী করছিলাম। হঠাৎ আমি ওই তিনজনকে দেখলাম আপনার তাঁবুর দিকে চুপিসাড়ে যাচ্ছে। আমি ওদের ফলো করে গুহার কাছে এলাম। বিশ্বাস করুন ওরা অন্য কারুর হুকুম তামিল করছিল! তা না হলে আমি কেন আপনাকে বাঁচাব ?

হুমম! তোমার কথায় যুক্তি আছে। কিন্তু কে সেই ব্যক্তি? আর তোমার বাবাকে ফাঁসিয়ে তার কী লাভ ?
তৈল চোরাচালান কারীরাও হতে পারে!

হ্যা! সে সম্ভাবনাও অসম্ভব নয়! কাল তারা আবার হামলা করতে পারে! আমাকে দ্রুত পাইপলাইনের কাছে পৌঁছতে হবে!
আপনি হেঁটে এতটা পথ যেতে পারবেন না! আমার সাথে আসুন!

উটের পিঠে যেতে হবে ? এর থেকে দ্রুতগামী আর কিছু নেই ?
আছে! আমার বাবা আধুনিক তাই আমরা ওনার জীপে যাব। পাকা রাস্তা আছে তৈল খনি পর্যন্ত!

একমিনিট! আমরা মানে ?
মানে আমিও যাচ্ছি আপনার সাথে। আমি জীপ চালাতে পারি। উঠে আসুন!

যে আমার বাবাকে কলঙ্কিত করতে চাইছে। সেই কালপ্রিটকে ধরিয়ে না দিতে পারলে আমার শান্তি নেই!
ওকে, নীলা! পাইপলাইনের দিকে চল!

একঘন্টা পরে, সূর্যোদয় হলে...
ঐ যে পাইপলাইন!

আমরাও পাইপলাইন বরাবর যাব!
তারপরে আমাদের সাথেও দূর্ঘটনা ঘটতে পারে যেমন ঐ অফিসারের সাথে ঘটেছে।

হ্যাঁ! ঠিক তাই! তাই আমি চালাচ্ছি। তুমি মাথা নীচু করে রাখ!

আরেকটা জীপ! ফায়ার!
কিন্তু গুলি তার গন্তব্যে পৌঁছানোর আগেই আমাদের হিরো জীপকে নায়োকোচিত কায়দায় ঘুরিয়ে নিল!
ঝুঁকে থাক নীলা!
ZINGG!
WHEEEE!
ZINGGG!

এবার দেখি চাঁদুরা! তোমরা কীভাবে লক্ষ্যভেদ কর!
WHEEEE!
ZIZZZZZ!
ZINGGGG!
স্টীল পাগলের মতো জীপ চালিয়ে বন্দুক ধারীদের দিকে এগিয়ে চলল!
হয় মারব নয় মরব!
BANG!
BANG!

বাঁচাও! পাগলটা এদিকেই আসছে। আমাদের পিষে ফেলবে। আআআআ!

পালাচ্ছ কোথায়, জানেমন? পার্টি তো সবে শুরু হল!

সুন্দর সুন্দর খাবার আছে খাবে না ?
BIFF!

এটা চেখে দেখ,হজম হবে ভালো!
SOK!

আহ!আর না!দোহাই!
আচ্ছা! তাহলে এস চাঁদ বদনটা এবার দেখি!

আরে!একী! তুমি তো আরব নও!

বল!কে তোমরা? আর কী চাও!
আর মেরোনা আমাকে! দোহাই!

আচ্ছা! এবার বল।
আমি কিছু বলব না!যা বলার,আমার লোকেরা বলবে!

মূর্খ! তুমি আমার তৃতীয় সাকরেদকে ভুলে গেলে ?

এবারও জ্ঞাণ ফিরলে কম্যান্ডার নিজেকে বন্দী অবস্থায় পেল!
চিল শকুনে ছিঁড়ে খাওয়ার আগে আমি তোমাকে আমাদের প্ল্যানটা অবশ্যই বলব!

কুখ্যাত আন্তর্জাতিক স্বার্থলোভী ব্যাবসায়ীরা আমাদের ভাড়া করেছেন। আমাদের কাজ হ'ল মধ্য প্রাচ্যের সব পাইপলাইন গুলোকে ধ্বংস করে এখানে অশান্তি কায়েম করা। আর আরবদের দায়ী করা। যার পরিণতি হবে সারা বিশ্বে অর্থনৈতিক আর ধার্মিক রক্তক্ষয়ী যুদ্ধ!!

আমরা এখন ডিনামাইট দিয়ে এই পাইপলাইনটা উড়িয়ে দেব। আর চারপাশে আরবদের বিরুদ্ধে প্রমাণ প্লান্ট করে রেখে যাব!

তুমি অসহায় কম্যান্ডার! মৃত্যুর জন্যে তৈরী থাক! চল বন্ধুরা যাওয়া যাক!

যদি ওরা ওদের পরিকল্পনায় সফল হয়, তাহলে গোটা বিশ্ব ব্যাপক সম্যার সম্মুখীন হবে। তার মধ্যে লন্ডন, মস্কো, আর ওয়াশিংটন সব থেকে বেশী ক্ষতিগ্রস্থ হবে। এদিকে আমি অসহায়...ওদিকে শকুন গুলোও এসে পড়েছে! কী করব আমি ?

আর আমি জীপে লুকিয়ে থাকতে পারছিনা!কম্যান্ডারকে সাহায্য করতেই হবে!যত দ্রুত সম্ভব!
নীলা! এই নিয়ে দ্বিতীয়বার তুমি আমার প্রাণ বাঁচালে।
ও কোনো ব্যাপার না!জলদি গিয়ে ঐ শয়তানদের শায়েস্তা করুন!
ডিনামাইট চার্জ সেট হয়ে গেছে ওস্তাদ!
DYNAMITE
এবার বাজি ফাটানোর পালা!
আমি থাকতে সেই পালা কস্মিন কালেও আসবে না!
WHAM!
BAM!
BANG!
BIFF!
অপদার্থ তুমি!কিন্তু আমি আমার কাজ ঠিকই করব!

নীলা ক্ষীপ্রতা দেখাল। ওর তৎপর-তায় বিস্ফোরণ আটকাল।
উফফ!
WHONK!

পরে...
আমার সাথে পুলিশ হেডকোয়ার্টারে চল নীলা,তোমার তৎপরতায় যবনিকা পতন ঘটল!
না! বলুন **আমাদের** তৎপরতায় সমস্যা সমাধান হ'ল।

তোমার বাবার কাছে আমি শত কোটি ক্ষমা চেয়ে নিচ্ছি!ওনাকে সন্দেহ করাটা আমাদের ভুল ছিল!
আল্লাহ-র দয়ায় আমার বাবা নিরাপদ!আপনি এ নিয়ে আর ভাববেন না।

আর কম্যান্ডার আপনার কাছে আমি চীরকৃতজ্ঞ থাকলাম!অনেক অনেক ধন্যবাদ আপনাকে।
আমি তো আন্তর্জাতিক গোয়েন্দা বিভাগের হয়ে শুধু মাত্র আমার কর্তব্যটা করেছি!

কম্যান্ডার ষ্টীল

আর

উড়ন্ত আততায়ী

জার্মানির রাতের আকাশে উড়ে এল একদল বাদুড়ের
মতো ডানাওয়ালা আততায়ী।যাদের সাথে
আন্তর্জাতিক পুলিশ বিভাগের প্রধান কম্যান্ডার ষ্টীল
জড়িয়ে পড়ল এক নতুন অ্যাডভেঞ্চারে।ষ্টীল কী
ওদের ধরাশায়ী করতে পারল?
আসুন দেখা যাক!

মরে গেছে ব্যাটা!যাও জলদি ফুড ষ্টোর খালি কর!

আমাদের রসদ চাই। আর যে কোনো উপায়ে তা আমরা ছিনিয়ে নেবই!

হাহাহা!আমরা আবার সফল হলাম।
বিশালকায় বাদুড়ের মতো ডানা মেলে উড়তে উড়তে সেই রহস্যময় দল দূরে চলে গেল।

পরের দিন কম্যান্ডিং অফিসারের হেড কোয়ার্টারে...
স্যার!কাল রাতে আবার একটা হত্যার ঘটনা ঘটেছে!
উফফ! আমাদের দশম ব্যক্তিকেও হারালাম?

এই হত্যালীলা বন্ধ করতেই হবে! ষ্টীল কখন আসবে এখানে ?একমাত্র ও ই পারবে এই সমস্যার সমাধান করতে !

কিছু পরে জ্যাক ষ্টীল দপ্তরে হাজির হ'ল।
জ্যাক ষ্টীল রিপোর্টিং স্যার!
আহ!তুমি এসে গেছ!আমি তোমাকে সব খুলে বলছি!বস!

আমার রক্ষীরা প্রাক্তন নাৎসী বাহিনী **"ক্ল্যান কিলারস"** দ্বারা বার বার আক্রান্ত হচ্ছে!
এদের ধরা যাচ্ছে না কেন ? এরা কী গেরিলা যুদ্ধ জানে?

হ্যাঁ!রাতের অন্ধকারে ওরা নিঃশব্দে হামলা করে।বিশাল বাদুড়ের মতো ডানা লাগানো থাকে ওদের পিঠে।তারপর তারা উড়ে পালায়।তার পরে ওদের আর ট্রেস ই পাওয়া যায় না!

উড়ন্ত আততায়ী ? হুমম!
আমার দশজন রক্ষীকে ওরা মেরেছে।এর একটা বিহীত তোমাকে করতেই হবে!আমি ভরসা করি তোমাকে ষ্টীল!

চিন্তা করবেন না!আজ রাতে আমি পাহারা দেব!দেখি ওদের জোর কতটা !

আন্তর্জাতিক সংস্থা এর আগেও নাৎসিদের বিরুদ্ধে যুদ্ধ করেছে!কিন্তু এই বাদুড়ের ব্যাপারটা আনকোরা নতুন একটা অভিজ্ঞতা!

স্বয়ংক্রিয় ডানা দ্বারা মানুষ কীভাবে উড়তে পারে ? অদ্ভূত লাগছে ব্যাপারটা!

জ্যাকের প্রশ্নের উত্তরটা নিঃশব্দে শীঘ্রই এল...
হে ঈশ্বর!

ফস্কে গেল!
দুঃখিত,কিন্তু আমি এখনও বাঁচতে ইচ্ছুক!

আরে!তুমি তো আমেরিকান সৈন্য নও!তুমি তো......

কম্যান্ডার ষ্টীল!
কম্যান্ডার ষ্টীল শক্তি ও সাহসের প্রতিমূর্তি।যার ধমনীতে প্রবাহিত শোণিত বার বার তাকে মনে করায় - পৃথিবী থেকে অপরাধের বিনাশের শপথ কে!

বাদুড়রা তো দেখছি আজকাল বেশ কথা বলে।
BOP!

কিন্তু এবার যে তোমাকে খাঁচায় যেতে হবে!
মূর্খ! তুমি আমাকে পাকড়াও করতে পারবে না! হো,ফ্রিৎজ,রুডলফ!চল!

ও একা আসেনি!

উড়ন্ত মানুষদের ফলো করব কী করে ?

পরে,কম্যান্ডিং অফিসারের দপ্তরে...
স্যার!ওরা আমার নাগাল থেকে পালিয়েছে।ওদের আস্তানা কোথায় ? আমি যাব সেখানে।
আমি সঠিক জানি না। তবে ওরা প্রতিবার পাহাড়ের দিকে পালিয়ে যায়।আমার লোকেরা অনুসন্ধানে গেছিল।কিন্তু কেউ আর ফেরেনি!

পার্বত্যঅঞ্চল? হুমম! সেটা কোন দিকে ?
দক্ষিণ দিকে। সাবধানে যেও।আশা রাখি তুমি ফিরে আসবে।

পরে...
উফফ!এযে দেখছি খড়ের গাদায় সূচ খোঁজার সামিল! তাও চেষ্টা করি!

অনেক্ষণ পরে...
কিছুই তো পেলাম না!আমার মনে হয় ফিরে যাওয়া উচিৎ!

কিন্তু ষ্টীল জানতনা যে কয়েক জোড়া চোখ ওর গতীবিধির ওপর নজর রাখছে!
ঐ যে টিকটিকিটা আমাদের খুঁজতে এসেছে! এস! ধর ওকে !

আরে! 'ক্ল্যান কিলারস'রা!

ষ্টীল দ্রুত লাফিয়ে এক পাশে সরে গেল...

...আর নিজের বজ্রমুষ্ঠির প্রয়োগে দুর্বৃত্তদের শায়েস্তা করল...
দশজন এসেছ একজনের বিরুদ্ধে যুদ্ধ করতে ? এটা তো ঠিক নয়! তাই তোমাদের শাস্তি প্রাপ্য!
BAM!
SOK!

কিন্তু ঠিক তখনই ওর মাথায় একটা বুদ্ধি খেলে গেল!
আমাকে এত উত্তেজিত হলে চলবে না! মাথায় একটা প্ল্যান এসেছে! যেটার সাহায্যে নাটের গুরুর কাছে পৌঁছাতে পারব!

উফফ! আমি ক্লান্ত! আত্মসমর্পণ করছি!
এত সহজে ধরা দিলে? আমাদের মহান কম্যান্ডার তোমাকে দেখে আনন্দিত হবেন!

একে আমাদের আস্তানায় নিয়ে চল!

একি! তোমাদের আস্তানা এই বিশাল ঈগলের বাসাটা?

না,মূর্খ!এর পেছনে একটা গুহা আছে।বাসাটা তো স্রেফ তোমার মতো দুঁদে গোয়েন্দাদের চোখে ধূলো দেওয়ার জন্যে রাখা!

সকলের নজর এড়িয়ে পাহাড় কেটে টানেল বানিয়েছ তোমরা? হুমম!মনে হচ্ছে বড়সড় কোনো অশান্তি বাধানোর প্ল্যান করেছ! তোমাদের দলপতির সাথে দেখা করার জন্যে আমি উদগ্রীব

হের!ভন ফ্যালকনহোর্স্ট! আমরা একজন বন্দীকে নিয়ে এসেছি!
আরে বাহ!এ যে দেখছি কম্যান্ডার স্টীল!মেঘ না চাইতেই জল?

তুমি তো দেখছি ভারী বোকা হে! ভেবেছ আমাদের আটকাবে? বাদুড়রা তোমার রক্ত চুষে নেবে!
আমি শিশু নই, যে আমাকে এই সব আসাড়ে গল্প শোনাচ্ছ!আমি জানি তোমার লোকেরা যান্ত্রিক উপায়ে আকাশে ওড়ে!

আরে বাহ!বুদ্ধি আছে দেখছি।হ্যাঁ এই দেখ আমাদের উড্ডয়ণের আসল রহস্য!
একটা মোটোর চালিত ছোট রকেট যান্ত্রিক ডানায় লাগান!বাহ! বেড়ে বুদ্ধি!

আমাদের নাৎসি বৈজ্ঞানিকরা এই যন্ত্রটা আবিষ্কারে দেরী করে ফেলেছিল।তাই বিশ্বযুদ্ধে ব্যাবহারের বদলে ভেবে চিন্তে আমরা তোমাদের আমেরিকান সৈন্যদের প্রতি বদলা নেওয়ার জন্যে এটা কাজে লাগাচ্ছি।

যান্ত্রিক ডানা আর মাথা ঢাকা পোষাকের আড়ালে আমরা মানুষের মনে ভয় উৎপন্ন করার লক্ষ্যে সফলও হয়েছিলাম!
কিন্তু তোমরা রক্ষীদের হত্যা কেন করলে?

এ'ছাড়া আমরা ভীতি বিস্তার করতে পারতাম না।আমাদের উদ্দ্যেশ্য ছিল,সকল আমেরিকানদের মেরে ফেলে ক্ল্যান কিলারস গোষ্ঠীকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দিয়ে আমাদের ফ্যুয়েরারের স্বপ্ন **থার্ড রাইখ**-কে পুনঃপ্রতিষ্ঠা করা।
ওহ!এটাই তাহলে তোমাদের আসল প্ল্যান ?

দুর্জনদের উদ্দেশ্য জেনে নিয়ে...
আমি থাকতে তা পূরণ হবে না!
BOP!

রক্ষীরা ধর ওকে!
রক্ষীরা একজোট হয়ে এগিয়ে এল!

ষ্টীল বেশীক্ষণ ওদের সাথে এঁটে উঠতে পারল না...
SOCK!
POW!
BIFF!

শীঘ্রই.....
একে বাইরে নিয়ে গিয়ে পাহাড় থেকে ফেলে দাও!

কর্মের ফল পাও! চুলোয় যাও!

উফফ! এই দড়ির ফাঁসটা যদি আলগা করতে পারি,তাহলে...

THUD!

CRASH!

এটাই ওর যোগ্য শাস্তি হয়েছে!শকুনরা ওর মাংস খাবে!হাহাহাহা !

আখটাং!নিজেদের অস্ত্রশস্ত্র নিয়ে তৈরী হয়ে যও!আজ রাতে আমরা একজোট হয়ে আক্রমণ করব!আমি নিজে তোমাদের পথনির্দেশক হব!

সেই রাতেই...
আমরা আমাদের শরীরের শেষ রক্ত বিন্দু দিয়ে ঐ আমেরিকান কুকুরদের ধ্বংস করবই!তৈরী তো সবাই ?

চল যুদ্ধ শুরু করা যাক!

মানব বাদুড়দের আকাশ পথের সেই ক্যারাভ্যান নিজেদের গন্তব্যের দিকে উড়ে চলল!

এবার আমরা ফিরে আসি সেই স্থানে যেখানে আমাদের নায়ককে শেষ দেখা গেছিল!পর্বতের পাদদেশে!
আহহ! মনে হচ্ছে যেন দেহের সব হাড় ভেঙ্গে চুরে গেছে!

কষ্টের কথা ভুলে পুরুষ সিংহ কম্যান্ডার ক্ষীপ্রতার সাথে পাহাড়ে উঠতে লাগল!
আহ!এবার এই খেলার যবনিকা পতনের সময় এসেছে!যেভাবেই হোক এই হত্যালীলা বন্ধ করতেই হবে!

সাথীরা এতক্ষণে পৌঁছে গেছে !
তার মানে আমাকে জলদি কিছু করতেই হবে!

পুরোনো দাওয়াই! ঘুমিয়ে পড়!
আগহহহ!

শহরে দ্রুত যেতে হলে এই যান্ত্রিক ডানাই আমার ভরসা!

জীবনে প্রথম আমি আকাশে উড়ছি!বাহ! ব্যাপক লাগছে!
শক্তিশালী রকেটের সাহায্যে কম্যান্ডার দ্রুত লক্ষ্যের দিকে উড়ে চলল!

দ্রুত যেতে হবে!

এদিকে শহরে উড়ন্ত আততায়ীদের হত্যালীলা শুরু হয়ে গেছিল!
সবাইকে খতম কর!
ক্যান কিলারসরা আআআআ!

আমার আচমকা আক্রমণে কাজ হচ্ছে!এরা আগে এমন শত্রুর বিরুদ্ধে লড়েনি!আহ! কী শান্তি।।সবাই মারা যাচ্ছে...হা হা হা হা!

হে ঈশ্বর!ফ্যালকনহোষ্ট গ্যারিসনদের তো আধমরা করে ছেড়েছে!
কম্যান্ডার এবার কী করবে ?

ওদের আটকাতেই হবে।কিন্তু কী করে ?একটা বুদ্ধি এসেছে।এই ব্যারাকে একটা অ্যান্টি এয়ারক্রাফট ইউনিট আছে।আমি যদি আততায়ীদের ওখানে নিয়ে যাই......

আখটাং! বন্ধুগণ উত্তর দিকে চল।সৈন্য ব্যারাক ধ্বংস করতে হবে!চল!
আরে!কী হল?আমি তো কোনো নির্দেশ দেইনি।

না!আমি দিয়েছি! ভেন্ট্রিলোকুইজম এর মাধ্যমে।এবার তোমাকে বাগে পেয়েছি।
POW!

ব্যারাকে যেতেই অ্যান্টি এয়ারক্রাফট গান আততায়ীদের স্বাগত জানাল!
ওরা রেঞ্জের মধ্যে এসে গেছে!ফায়ার!!

এদিকে...
পালের গোদাটা ঠান্ডা হয়েছে। এবার এসব খুলে ফেলি।

শত্রুকে দুর্বল ভাবতে নেই!
কম্যান্ডার তুমি আমার স্বপ্ন,আমার প্ল্যানকে নষ্ট করে দিলে?তোমাকে আমি কুকুরের মত গুলি করে মারব!

পিস্তলে গুলি নেই!
CLICK! CLICK!

কিন্তু আমার হাতে জোর আছে
WHAM!

পরে...
দুর্বৃত্তদের উচিৎ শিক্ষা দিলে কম্যান্ডার!গোটা দলটা শেষ। আর দলের চাঁই আমাদের হেফাজতে।অজস্র ধন্যবাদ!
এটা আমার কর্তব্য ছিল স্যার!আপনার নির্দেশে কাজ করতে পেরে আমিও ধন্য হলাম!চলি।

BENGALI DOWNLOAD EXCLUSIVE
পার্থ অরণ্যদেব মুখার্জী
আর
COMICঅনুবাদ
ORIGINAL
যৌথ রিলিজ